



# শীতকালীন পিঠা উৎসব, ১৪১৩

সুপ্রিয় সুহৃদ

আমরা বাঙালিরা কিছুতেই আমাদের বাঙালিত্ব যেন বিসর্জন দিতে পারিনা। আমাদের কথায়, কাজে, আচারে এর প্রকাশ পাবেই। এই বাঙালিত্ব আমাদের প্রাণের ভেতরে বাস করে, আমরা একে লালন করে যাই মনের অজাঞ্জেই। আর বাংলা নামের দেশটি আমাদের চোখের আড়ালে হলেও এটি আমাদের মন ভরে থাকে সবসময়ই। একে ভুলে যাওয়া দুঃসাধ্য।

নববর্ষ, নবান্ন, পৌষমেলা, বর্ষামঙ্গল, বসন্তোৎসব, শারদোৎসব, চৈত্রসংক্রান্তি, নৌকা বাইচ, লাঠি খেলা, পুতুল নাচ - এসব আচার-অনুষ্ঠান একেবারেই বাঙালির। মনের ভেতর থেকেই এসব পালনের তাগিদ অনুভব করতে থাকি - বাঙালিত্বের শক্তিময়তা এখানেই। আমরা বাঙালিরা যেখায় থাকি যে যেখানে - আমাদের বাঁধন থাকে প্রাণে প্রাণে। সেই প্রাণের টানেই আমরা এক হই, আচার-অনুষ্ঠানে যোগ দিয়ে যেন নিঃশ্বাস ফেলে বাঁচি।

বাঙালির বারো মাসে তের পার্বণ। উৎসব, মেলা এসব নিয়েই তো আমাদের বাঙালির লোকিক জীবনযাপন। একে অপরের সাথে মিলবার, মিশবার এক মিলনমেলা এ সব আচার-অনুষ্ঠান। আর এ সব অনুষ্ঠান আমাদের সাংস্কৃতিক শুন্যতাও পূরণ করে, মনকে দেশ-ভাবনায় আচ্ছন্ন করে।

এসব কথা মনে রেখেই আমরা এক হতে চাই - আগামী ২১শে মে, রবিবার সকাল সাড়ে আটটায় ব্ল্যাকটাউনের প্রসপেক্ট রিজার্ভের পার্কে **প্রতীতির পিঠা-উৎসবে**।

আপনি যদি এ উৎসবে অংশগ্রহণ করতে চান, তবে যোগাযোগ করুন:

সিরাজুস সালেকিন - ০৮২১ ০৮০ ৫৪০

ইফফাত আরা শুচি - ০৮০৮ ২৩৪ ৭৫১

## প্রতীতি